নেত্রকোণায় ছাত্রনেতা রাফির বাড়িতে পেট্রল ঢেলে আগুন



ছবি: সংগৃহীত

নেত্রকোণার মোহনগঞ্জে ছাত্রনেতা খান তালাত মাহমুদ রাফির গ্রামের বাড়িতে পেট্রল ঢেলে আগুন দেওয়ার অভিযোগ উঠেছে। এ সময় ঘরে ঘুমিয়ে ছিলেন তার বাবা-মা। প্রতিবেশীদের তৎপরতায় বড় দুর্ঘটনা থেকে রক্ষা পান তারা।

রাফি জাতীয় ছাত্রশক্তির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ক। বুধবার দিবাগত রাত ৩টার দিকে মোহনগঞ্জ উপজেলার জয়পুর গ্রামে এ ঘটনা ঘটে।

রাফির অভিযোগ, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা তার বাড়িতে আগুন দিয়েছে। বাড়ির বিদ্যুতের মিটারের ঠিক নিচে পেট্রল ঢেলে আগুন ধরিয়ে দেওয়া হয়। আগুনের সময় ঘরে ঘুমিয়ে ছিলেন তার বাবা-মা। পাশের বাড়ির এক নারী আগুন দেখে চিৎকার করলে তারা জেগে ওঠেন। পরে প্রতিবেশীরা এসে আগুন নেভান।

বৃহস্পতিবার ফেসবুকে দেওয়া এক পোস্টে রাফি লেখেন, ‘রাত আনুমানিক ৩টায় আমার গ্রামের বাড়ি (নেত্রকোণায়) আওয়ামী সন্ত্রাসীরা আগুন দিয়েছিল। ঘরের কারেন্টের মিটারের ঠিক নিচে পেট্রল ঢেলে আগুন লাগিয়েছে। ভাগ্যক্রমে বাড়ির মানুষজন জেগে যাওয়ায় আল্লাহ আমার আব্বা-আম্মাকে বাঁচিয়েছেন।’ পোস্টের সঙ্গে আগুনের কয়েকটি ছবিও দেন তিনি।

মোহনগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাফিজুল ইসলাম হারুন বলেন, বুধবার রাত সাড়ে ৩টার দিকে কে বা কারা বাড়িটিতে আগুন দেওয়ার চেষ্টা করে। পরিবারের সদস্যরা জেগে ওঠায় আগুন ছড়িয়ে পড়েনি। চিৎকার শুনে প্রতিবেশীরাও এগিয়ে আসেন। এতে তেমন কোনো ক্ষয়ক্ষতি হয়নি। ঘটনাস্থল থেকে আলামত উদ্ধার করা হয়েছে। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।